



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ


জেলা পরিষদ কার্যালয়, মুন্সিগঞ্জ কর্তৃক 'এককালীন বৃত্তি প্রদান' সংক্রান্ত বিজ্ঞপ্তি :


তারিখ : ০৫/০৩/২০১৮ খ্রি:

মুন্সিগঞ্জ জেলা পরিষদ কর্তৃক ২০১৭-১৮ অর্থ বছরে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে শুধুমাত্র ২০১৭ সালে জেএসসি/সমমান, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ দরিদ্র ও মেধাবী ছাত্র/ছাত্রছাত্রীদের নিকট নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী

- ১। আবেদনকারীকে ২০১৭ সনে অনুষ্ঠিত জেএসসি/সমমান, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ সহ উত্তীর্ণ হতে হবে। অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধী আবেদনকারীদের ক্ষেত্রে সর্বনিম্ন জিপিএ ৪.৫০ হলেও আবেদন করা যাবে।
- ২। আবেদন ফরম আগামী ০৫/০৩/২০১৮ খ্রি: তারিখ হতে জেলা পরিষদ কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে অথবা জেলা পরিষদের ওয়েবসাইট www.zpmunshiganj.gov.bd হতে ডাউনলোড করা যাবে অথবা ভারতী ফটোকপি, স্টেডিয়াম মার্কেট থেকে ফরম সংগ্রহ করা যাবে।
- ৩। আবেদনপত্র সরাসরি অথবা ডাকযোগে জেলা পরিষদ কার্যালয়ে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর কার্যালয়ে আগামী ৩০/০৩/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৪। অসচ্ছল পরিবারের মেধাবী ছাত্র/ছাত্রীকে মুন্সিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকারের অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।
- ৫। আবেদনপত্রে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।
- ৬। মুন্সিগঞ্জ জেলায় স্থায়ী বাসিন্দা ও পরিবারের আর্থিক অসচ্ছলতার সপক্ষে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৭। আবেদনপত্রের সাথে অধ্যয়নরত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র, সংশ্লিষ্ট পরীক্ষার মার্কশীট, সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদ/প্রতিবন্ধী সনদ (আবেদনকারী মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধী হলে) অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান অথবা ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ৮। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং এ ক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


অধ্যক্ষ
সরকারি হরগঙ্গা কলেজ


মুন্সিগঞ্জ
সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ
আইডি-৪৫১৭